**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৬ জ্যেষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ/ ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৬৯-আইন/২০০৫/২০৭৮/শুল্ক।-** Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে Customs Act, 1969 এর First Schedule ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (২) তে উলিখিত উপকরণকে, উহাদের উপর আরোপনীয় আমদানি শুল্ক যেই পরিমাণে *[৫%] এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

**<u>শর্তাবলী</u>**

(১) TABLE এ উলিখিত উপকরণ, বিনিয়োগ বোর্ড কর্তৃক Leather and leather goods manufacturers and exporters হিসাবে নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠান, যাহারা Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association অতঃপর *[BFLLFEA অথবা Bangladesh Tanners Association (BTA)] বলিয়া উলিখিত এর সদস্য কেবল তাহাদের কর্তৃক নিজস্ব শিল্পে ব্যবহারের জন্য আমদানি করিতে হইবে।

(২) প্রত্যেক আমদানিকারককে প্রতিটি চালান শুল্কায়নের পূর্বে Bangladesh Finished Leather, Leathergoods and Footwear Exporters Association *[অথবা Bangladesh Tanners Association] এর সভাপতি কর্তৃক পরিশিষ্ট-১ অনুযায়ী প্রদত্ত একটি প্রত্যয়নপত্র সংশিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) আমদানিকৃত উপকরণ নিজস্ব শিল্প ব্যতীত অন্য কোথাও ব্যবহার করা হইবে না এবং আমদানিকৃত উপকরণ অন্যবিধ কাজে ব্যবহার বা হস্তান্তর করা হইলে আরোপনীয় শুল্ক-কর প্রদানসহ Customs Act, ১৯৬৯ এর অধীনে যে কোনো আইনানুগ শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিবেন মর্মে আমদানিকারক কর্তৃক ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি অঙ্গীকারনামা সংশিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৪) আমদানিকৃত উপকরণ যথাযথভাবে ব্যবহৃত হইয়াছে কীনা সে বিষয়ে *[BFLLFEA অথবা BTA] সরেজমিনে তদন্তপূর্বক নিশ্চিত হইবে এবং এসোসিয়েশনের সভাপতির স্বাক্ষরে এসোসিয়েশনের প্যাডে আমদানিকৃত পণ্যচালান খালাসের ৬(ছয়) মাসের মধ্যে পরিশিষ্ট-৩ মোতাবেক একটি প্রতিবেদন সংশিষ্ট শুল্ক কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করিবে। *[BFLLFEA অথবা BTA] এর প্রতিবেদন প্রাপ্তির পর যদি দেখা যায় যে, আমদানিকৃত উপকরণ আমদানিকারকের প্রতিষ্ঠানে ব্যবহৃত হইয়াছে তাহা হইলে

অঙ্গীকারনামা ফেরতযোগ্য হইবে। অন্যথায় প্রযোজ্য হারে শুল্ক ও করাদি আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

(৫) দফা (১) হইতে (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, আমদানিকৃত পণ্যচালানের প্রতিটি আইটেম, সংশ্লিষ্ট পণ্যের ক্যাটালগ/Literature এর (প্রযোজ্য ক্ষেত্রে) সাথে মিলাইয়া শর্ত (১) এ বর্ণিত শিল্প প্রতিষ্ঠানের উপকরণ হিসাবে সঠিক পাইলে সংশ্লিষ্ট কাস্টমস্ কর্তৃপক্ষ পণ্যচালান শুল্কায়ন করিবে।

## TABLE

| H.S. Code | Description |
|---|---|
| (1) | (2) |
| 2827.10.00 | Ammonium Cloride |
| 2830.10.00 | Sodium Sulphide |
| 2832.10.00 | Sodium Meta Bi Sulphite |
| 2832.30.00 | Sodium Hypo Sulphite (Thiosulphate) |
| 2833.29.40 | Sulphates of Chromium |
| 2836.30.00 | Sodium Bi-carbonate |
| 2905.12.10 | Isopropyl Alcohol |
| 2905.31.00 | Ethylene Glycol (ethanediol) |
| 2912.11.00 | Methanal (Formaldehyde) |
| 2914.12.00 | Butanone (Methyl Ethyl Ketone) |
| 2915.11.00 | Formic Acid |
| 2915.12.00 | Salts of Formic Acid (Sodium Formate) |
| 2915.33.00 | -n-Butyl Acetate |
| 3201.10.00 | Quebracho Extract |
| 3201.20.00 | Wattle Extract |
| 3201.90.10 | Kutch Gamia |
| 3201.90.90 | Other Tanning Extracts |
| 3202.10.00 | Synthetic Organic Tanning Substances |
| 3202.90.00 | Other |
| 3204.11.00 | Disperse Dyes |
| 3204.12.00 | Acid Dyes |
| 3204.13.00 | Basic Dyes |
| 3204.14.00 | Direct Dyes |
| 3204.17.00 | Pigment & preparation based thereon |
| 3204.19.00 | Other, Synthetic Organic Coloring matter |
| 3206.19.00 | Other Pigment |
| 3206.20.00 | Pigment based chromium compund |
| 3206.49.00 | Other Colouring Matter |
| 3210.00.20 | Prepared water pigments |
| 3210.00.90 | Other, Prepared Water Pigments |
| 3403.19.00 | Lubricating Preparations for Treatment of Leather |
| 3403.91.00 | Preparation for the treatment of Leather |

| | |
|---|---|
| 3404.90.00 | Artifical Waxes & prepared waxes |
| 3501.10.00 | Casein |
| 3501.90.00 | Other Casein |
| 3808.92.91 | Fungicides (For non Agricultural Purpose) |
| 3808.92.99 | Fungicides (For non Agricultural Purpose) |
| 3809.10.00 | Finishing Agent with a basis of Amylaceous Substances |
| 3809.91.00 | Other Finishing Agent |
| 3809.93.00 | Finishing Agent |
| 3823.70.00 | Industrial Fatty Alcohols |
| 3824.10.00 | Prepared binders for Foundry Moulds |

**পরিশিষ্ট-১**

## প্রত্যয়নপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ---------------------------------------------------- -----------------------------------------------------------------------(আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত একটি ফিনিস্‌ড লেদার, লেদার গুডস্, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং *[অথবা ট্যানার্স] শিল্প প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ----------------------------- তারিখ ঃ ------------- ইনভয়েস নং ----------------------------- তারিখ ঃ -------------- বি,এল/এয়ারওয়ে বিল/ ট্রাক রিসিপ্ট নং ---------------------------- তারিখ ঃ --------------- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে। উক্ত উপকরণ এস,আর,ও নং ১৬৯-আইন/২০০৫/২০৭৮/শুল্ক, তারিখ ঃ ০৯/০৬/২০০৫ খ্রিস্টাব্দ অনুযায়ী রেয়াতী হারে শুল্কায়নের সুপারিশ করা হইল।

স্বাক্ষর ঃ . . . . . . . . . . . . . . . . . .

তারিখ ঃ

নাম ঃ . . . . . . . . . . . . . . . . . . . . .. .

*[পদবী ঃ সভাপতি,
বাংলাদেশ ফিনিস্‌ড লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার
এক্সপোর্টার্স এসোসিয়েশন/বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন]
সীল ঃ

**পরিশিষ্ট-২**

## অঙ্গীকারনামা

আমি ----------------------------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ---------------- ---------------------------------------------------------------------------------------------------- ----- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা ) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং --------------------- -- তারিখ ঃ ------------- ইনভয়েস নং ---------------------তারিখ ঃ ---------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং -------------------- তারিখ ঃ ---------------- এর মাধ্যমে আমদানিকৃত উপকরণ উলিখিত ফিনিস্‌ড লেদার, লেদার গুডস্, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং *[অথবা ট্যানার্স] শিল্পে পণ্য উৎপাদনের কাজে ব্যবহার করিব। এর কোন ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য স্বাভাবিক হারের শুল্ক-কর পরিশোধ ছাড়াও Customs Act, ১৯৬৯ এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য

যেকোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর ঃ ..............................................

তারিখ ঃ

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম ঃ ............

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ........................

...........................................................

পরিশিষ্ট-৩

**প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -------------------------------------------------- ------------------------------------------------------------------- (সম্পূর্ণ ঠিকানা দিতে হইবে) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত একটি ফিনিস্‌ড লেদার, লেদার গুডস্‌, ফুটওয়্যার ম্যানুফেকচারিং এন্ড এক্সপোর্টিং *[অথবা ট্যানার্স] শিল্প প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ------------------ তারিখ ঃ ----------- -------- ইনভয়েস নং --------------- তারিখ ঃ ------------------- বিল অব এন্ট্রি নং ------------------ --তারিখ ঃ ----------এর মাধ্যমে আমদানিকৃত উপকরণের সম্পূর্ণ/আংশিক উলিখিত শিল্পে পণ্য উৎপাদনের কাজে ব্যবহার করা হইয়াছে। এমতাবস্থায় বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত অঙ্গীকারনামা ফেরত দানের সুপারিশ করা হইল।

স্বাক্ষর ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . .
নাম ঃ . . . . . . . . . . . . . . . . . . . . . . .
*[পদবী ঃ সভাপতি,
বাংলাদেশ ফিনিস্‌ড লেদার, লেদার গুডস্‌ এন্ড ফুটওয়্যার
এক্সপোর্টার্স এসোসিয়েশন/বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন]
সীল ঃ

তারিখ ঃ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( খায়রুজ্জামান চৌধুরী )
সচিব।

* এস. আর. ও ১২১-আইন/২০০৬/২১১৩/শুল্ক, তারিখ ০৮/০৬/২০০৬ ইং দ্বারা সংশোধিত।
* এস. আর. ও ১৫১-আইন/২০০৭/২১৫০/শুল্ক, তারিখ ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।